



বামনপুকুর হুমায়ুন কবীর মহাবিদ্যালয়

মূল্যায়ন কেন্দ্রিক প্রশ্ন

সাম্মানিক স্নাতক বাংলা, প্রথম সেমেস্টার, ২০২২

CC-1, BNGACOR01T- প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস

বিষয় অধ্যাপক : ড. আজিজুল হক মণ্ডল

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

[১-৪ একক পর্যন্ত একটি করে প্রশ্নের উত্তর লিখতে হবে। পার্শ্ববর্তী সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশক]
(১-৪ একক পর্যন্ত প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ এবং একক ৫-এর উত্তর অনধিক ১৫০ শব্দের হবে)

একক-১ : অষ্টম থেকে পঞ্চদশ শতাব্দীতে রচিত বাংলা সাহিত্যধারা

১০

- ১) চর্যাপদের আবিষ্কার বিষয়ে আলোচনা করে এর সমাজচিত্র বর্ণনা কর।
- ২) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির আবিষ্কার বিষয়ে আলোকপাত করে এর নাটকীয়তা কতটা চিত্রিত হয়েছে তা দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।
- ৩) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে বড়াই চরিত্রের গুরুত্ব আলোচনা কর।
- ৪) চর্যাপদের কবি প্রসঙ্গ উল্লেখ করে পরবর্তী বাংলা সাহিত্যে তার প্রভাব বিষয়ে আলোচনা কর।

একক-২ : বাংলা মঙ্গলকাব্যের ধারা

১০

- ১) মনসামঙ্গল কাব্যের আদি কবি ও পশ্চিমবঙ্গের প্রাচীন কবির নাম উল্লেখ করে বিপ্রদাস পিপলাইয়ের কবিকৃতি আলোচনা কর।
- ২) ষোড়শ শতাব্দীর একজন চণ্ডীমঙ্গল কাব্য রচয়িতা কবির নাম, তাঁর কাব্যের নাম উল্লেখ করে কবিকঙ্কণ মুকুন্দের কাব্যে চিত্রিত সমাজ বাস্তবতার পরিচয় দাও।
- ৩) ধর্মমঙ্গল কাব্যের আদি কবির নাম উল্লেখ করে ঘনরাম চক্রবর্তীর কবিকৃতি আলোচনা কর।
- ৪) অন্নদামঙ্গল কাব্য কার রচিত ? কাব্যটির ভাগগুলি উল্লেখ করে এর অভিনবত্ব বিচার কর।

একক-৩ : বাংলা অনুবাদ সাহিত্যের ধারা

১০

- ১) বাংলা সাহিত্যে মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের নাম কী ? তাঁর কবি প্রতিভার পরিচয় দাও।
- ২) কৃত্তিবাসের অনুবাদিত রামায়ণের নাম উল্লেখ করে কাব্যটির রসবিচার কর।
- ৩) কৃত্তিবাসী রামায়ণের বাঙালিয়ানা বিষয়ে আলোকপাত কর।
- ৪) পঞ্চদশ শতাব্দীর শ্রেষ্ঠ ভাগবত অনুবাদকের নাম, তাঁর পরিচয় দিয়ে কাব্যটির বিশেষত্ব আলোচনা কর।

একক-৪ : বাংলা পদাবলী সাহিত্য, চৈতন্য জীবনী সাহিত্য ও ধর্মীয় সাহিত্যের ধারা

১০

- ১) চৈতন্য পূর্ববর্তী বৈষ্ণব পদাবলীর একজন কবির নাম উল্লেখ করে বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির অন্তর্ভুক্তির যৌক্তিকতা বিচার কর।
- ২) শান্তপদাবলীর দুজন পদকর্তার নাম উল্লেখ করে, যেকোনো একজনের কবি প্রতিভার পরিচয় দাও।
- ৩) বৃন্দাবন দাসের চৈতন্যভাগবত বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা কর।
- ৪) বৈষ্ণব পদসাহিত্যে গোবিন্দদাস কবিরাজের কবিকৃতি আলোচনা কর।

একক-৫ : যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

৫ X ২ = ১০

- ১) টীকা লেখ : বাইশা বা বাইশ কবি
- ২) টীকা লেখ : চন্দ্রাবতীর রামায়ণ
- ৩) খেতুরী উৎসব
- ৪) শিবায়ণ